

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প ৩য় পর্যায়
১৪৭/এফ, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
www.pesp.gov.bd



স্মারক নং-৩৮.০১.০০০০.১৯১.০২.০৬৩.২০- ২১৭৭

তারিখ : ২৫/১২/২০২০

বিষয় : ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস “নগদ”-এর সাথে চুক্তি পরবর্তী প্রস্তুতকৃত উপবৃত্তি পোর্টালে সুবিধাভোগীদের তথ্যসমূহ লাইভ এন্ট্রির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রসঙ্গে।

আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস ‘নগদ’ এর সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চুক্তি সম্পাদিত হয়েছে। সে আলোকে সার্ভিস প্রোভাইডার হিসেবে ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস ‘নগদ’ তাদের উপবৃত্তি পোর্টাল অদ্য ২৮/১২/২০২০ তারিখ উন্মুক্ত করেছেন। উল্লেখ্য, এবার প্রথমবারের মত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ তাদের নিজস্ব User ID ও Password ব্যবহার করে ডাটাসমূহ লাইভ এন্ট্রি করবেন। বর্ণিত কার্যক্রমে তাদেরকে সংযুক্ত নির্দেশাবলী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক - ০১ পাতা।

(মোঃ ইউসুফ আলী)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯১১৩৫৯৫

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

উপজেলা : _____

জেলা : _____

স্মারক নং-৩৮.০১.০০০০.১৯১.০২.০৬৩.২০-

তারিখ : ২৫/১২/২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল :

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৩। বিভাগীয় প্রধান, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৫। মনিটরিং অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস (সকল) (সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে বর্ণিত কার্যক্রম সফল করণের নির্দেশনাসহ)।
- ৬। অফিস কপি।

(মোঃ ইউসুফ আলী)

প্রকল্প পরিচালক

ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস “নগদ” কর্তৃক প্রস্তুতকৃত উপবৃত্তি পোর্টালে সুবিধাভোগীদের তথ্যসমূহ
লাইভ এন্ট্রির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা সমূহ :

- ১। প্রধান শিক্ষকগণ তাঁদের শিক্ষা প্রতিষ্ঠানের EMIS Code -কে User ID হিসেব ব্যবহার করবেন। Password সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের মোবাইলে ‘নগদ’ কর্তৃক প্রেরণ করা হবে। উক্ত Password তাঁরা নিজের সুবিধামতো রিসেট করে নিবেন এবং Password এর গোপনীয়তা রক্ষা করবেন।
- ২। পোর্টালে মায়ের NID Number ও উক্ত NID কর্তৃক রেজিস্ট্রেশনকৃত সিম ব্যবহার করতে হবে। যদি এরূপ না থাকে সেক্ষেত্রে বৈধ অভিভাবকের মোবাইল নম্বর ব্যবহার করা যাবে। উল্লেখ্য, পোর্টালে যে মোবাইল নাম্বার প্রদান করবেন সেটি অবশ্যই সচল, যথার্থ এবং অভিভাবকের আয়ত্বে থাকতে হবে।
- ৩। বার্ষিক পরীক্ষায় প্রতি বিষয়ে ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির সুবিধাভোগী হিসেবে নির্বাচিত করতে হবে।
- ৪। ‘নগদ’ পোর্টালে ২০১৯-২০ অর্থ বছরের ৩য় কিস্তিতে (জানুয়ারি-মার্চ/২০২০) রূপালী ব্যাংক শিওরক্যাশ কর্তৃক যে সকল সুবিধাভোগীকে উপবৃত্তি প্রদান করা হয়েছিল তাদের ডাটাসমূহ প্রদর্শিত হচ্ছে। এ ডাটাসমূহ হতে প্রয়োজন অনুযায়ী সংযোজন, বিয়োজন, সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করে ২০২০ সালের উপবৃত্তির সুবিধাভোগীদের তালিকা এবং ২০১৯-২০২০ অর্থবছরের ৪র্থ (এপ্রিল-জুন/২০২০) কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণের উপযোগী চহিদা পোর্টালে লাইভ এন্ট্রি আগামী ১০/০১/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে একটি নির্দেশিকা পোর্টালে প্রদাণ করা হয়েছে।
- ৫। ‘নগদ’ এর উপবৃত্তি পোর্টালের Link হলো - pesp.mynagad.com/login। User ID হলো- শিক্ষা প্রতিষ্ঠানের EMIS Code।
- ৬। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণ পোর্টালে লাইভ এন্ট্রি সংক্রান্ত যে কোনো জিজ্ঞাসায় ০৯৬০৯৬১৬১৬৭ কল সেন্টার নাম্বারে যোগাযোগ করবেন।

